



ঈদে যেকোনো পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত র্যাব: ডিজি



ছবি: সংগৃহীত

কোরবানির ঈদকে সামনে রেখে এখন পর্যন্ত কোনো নাশকতার তথ্য বা নির্দিষ্ট হুমকি পাওয়া যায়নি বলে জানিয়েছে র্যাব। মঙ্গলবার জাতীয় ঈদগাহের নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন শেষে এ কথা বলেন র্যাবের মহাপরিচালক মো. আহসান হাবীব পলাশ। তিনি বলেন, পরিস্থিতি স্বাভাবিক থাকলেও যেকোনো ধরনের অপ্রীতিকর ঘটনা মোকাবিলায় বাহিনী প্রস্তুত রয়েছে। রাজধানীসহ দেশের বিভিন্ন এলাকায় টহল, তল্লাশি ও গোয়েন্দা নজরদারি বাড়ানো হয়েছে। র্যাব জানিয়েছে, গুরুত্বপূর্ণ ঈদের জামাত ঘিরে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। পাশাপাশি বিভিন্ন স্থানে চেকপোস্ট বসিয়ে তল্লাশি চালানো হচ্ছে। ঈদ উপলক্ষে কালোবাজারি, ভেজাল ও নকল পণ্যের বিরুদ্ধে নজরদারিও জোরদার করা হয়েছে। এছাড়া ছুটির সময়ে চুরি-ছিনতাই ঠেকাতে রাতের টহল ও নিরাপত্তা কার্যক্রম বাড়ানো হয়েছে বলে জানায় বাহিনী।